# ঢাকায় জাতিসংঘ মিশন স্থাপনে অগ্রগতি, চুক্তির খসড়া অনুমোদিত



সংগৃহীত ছবি

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের কার্যালয় বাংলাদেশে স্থাপনের জন্য সমঝোতা স্মারকের খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ। আজ (১০ জুলাই) প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে তেজগাঁও কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে তেজগাঁওয়ের কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে। সমঝোতা স্মারকটি 'নির্যাতন এবং অন্যান্য নিষ্ঠুর, অমানবিক বা মর্যাদাহানিকর আচরণ ও শাস্তির বিরুদ্ধে কনভেনশনের ঐচ্ছিক প্রটোকল' এর আওতায় গৃহীত। ২০০২ সালে গৃহীত এই প্রটোকলের মূল লক্ষ্য হলো বিশ্বব্যাপী নির্যাতনের বিরুদ্ধে প্রতিরোধমূলক ব্যবস্থা জোরদার করা। বাংলাদেশ ১৯৯৮ সালে মূল কনভেনশনের পক্ষভুক্ত হয় এবং সম্প্রতি ঐচ্ছিক প্রটোকলে যোগদানের প্রস্তাব অনুমোদন পেয়েছে।

উপদেষ্টা পরিষদের বৈঠকে 'জাতীয় ক্রীড়া পরিষদ সংশোধন অধ্যাদেশ ২০২৫'-এর খসড়া নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেয়া হয়। এছাড়া, মালয়েশিয়ার জোহর বাহরুতে বাংলাদেশের নতুন কনস্যুলেট জেনারেল স্থাপনের প্রস্তাবও অনুমোদিত হয়।

LENS ASIA

দেশের দুই জেলায় বন্যা পরিস্থিতি নিয়ে বৈঠকে আলোচনা হয়। পানি সম্পদ মন্ত্রণালয় থেকে মুসাপুর রেগুলেটর ও বামনি ক্লোজারের নকশা চূড়ান্তকরণ, ফেনীতে স্থায়ী বাঁধ নির্মাণ প্রকল্পের চূড়ান্তকরণ এবং নোয়াখালীর খাল ও ড্রেনেজ অবমুক্তকরণের প্রয়োজনীয়তা নিয়ে প্রতিবেদন উপস্থাপন করা হয়। পাশাপাশি, বিশ্ব ব্যাংকের অর্থায়নে বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁধ মেরামত, তীর প্রতিরক্ষা এবং পানি নিয়ন্ত্রণ অবকাঠামো সংস্কারের কাজ চলমান রয়েছে বলে উপদেষ্টাগণকে জানানো হয়।